



জেলা পরিষদ

নেত্রকোনা

www.zpnetrokong.gov.bd

স্মারক নং- ৪৬.৩০.৩৯০০.০০২.০০.০০০.২৫-২৪৭

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩২
২২ জুন ২০২৫

ঠিকাদারী লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তি বিজ্ঞপ্তি :

এতদ্বারা জেলা পরিষদ, নেত্রকোণাতে তালিকাভুক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও শ্রেণী উন্নীত করণসহ নতুন লাইসেন্স নিবন্ধনের জন্য ০১ জুলাই ২০২৫ হতে ৩১ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত সময় নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে জেলা পরিষদ, নেত্রকোণাতে তালিকাভুক্ত ঠিকাদারগণ তাদের ঠিকাদারী লাইসেন্স নবায়ন সম্পন্ন ও শ্রেণী উন্নীত করণ এবং নতুন লাইসেন্স নিবন্ধনে আত্মহী ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফরমে আবেদন দাখিল করার জন্য বিজ্ঞপ্তি প্রচার করা হলো। জেলা পরিষদ, নেত্রকোণাতে তালিকাভুক্ত ঠিকাদারগণ বর্ণিত সময়ের মধ্যে নির্ধারিত ফি ও ১৫% হারে ভ্যাটের টাকা জমা পূর্বক তাদের লাইসেন্স নবায়ন করতে পারবেন। বর্ণিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়ন করতে ব্যর্থ হলে নবায়নের জন্য নির্ধারিত ফি এর সাথে ১০০% জরিমানাসহ ১৫% ভ্যাট (সরকার কর্তৃক আরোপিত হার অনুযায়ী প্রযোজ্য হবে) জমা সাপেক্ষে নবায়ন করতে পারবেন। তবে নতুন লাইসেন্স গ্রহণে আত্মহী ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানকে ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যে ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্র অর্থাৎ (ক) সত্যায়িত ছবি পাসপোর্ট সাইজ-০১ (এক) কপি ও স্ট্যাম্প সাইজ রসিন ছবি ০২ (দুই) কপি (খ) নাগরিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (ঘ) ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (ঙ) আয়কর ও ভ্যাট নিবন্ধন পত্রের সত্যায়িত ফটোকপি (চ) ০৬ (ছয়) মাসের বিবরণীসহ ব্যাংক স্বচ্ছলতা পত্র (ছ) ৩০০/- টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প সম্পাদিত এফিডেভিট পত্রের মূল কপি (জ) অন্য অফিসের লাইসেন্স থাকলে তার সত্যায়িত ফটোকপি (ঝ) আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত ফটোকপিসহ আবেদন ফরমে চাহিত তথ্যাবলী সঠিকভাবে পিপিবদ্ধ করে আগামী ৩১ জুলাই ২০২৫খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। এই বিজ্ঞপ্তি জেলা পরিষদ, নেত্রকোণা এর ওয়েব সাইটে www.zpnetrokong.gov.bd পাওয়া যাবে।

(মোহাম্মদ মোহেল রানা)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, নেত্রকোণা
০৮ আষাঢ় ১৪৩২

স্মারক নং- ৪৬.৩০.৩৯০০.০০২.০০.০০০.২৫-২৪৭(৪)

তারিখ:- ২২ জুন ২০২৫

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে জন্য প্রেরণ করা হলো)

- ১। জেলা প্রশাসক, নেত্রকোণা
- ২। প্রশাসক, নেত্রকোণা
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা
- ৪। পুলিশ সুপার, নেত্রকোণা

সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, নেত্রকোণা
০৮ আষাঢ় ১৪৩২

স্মারক নং- ৪৬.৩০.৩৯০০.০০২.০০.০০০.২৫-২৪৭(৪)

তারিখ:- ২২ জুন ২০২৫

অনুলিপি : সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধসহ প্রেরণ করা হলো :-

- ১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা
- ২। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা
- ৩। উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর/কমলাকান্দা/মোহনগঞ্জ/খালিয়াজুড়ী/বারহাটা/পূর্বধলা/দুর্গাপুর/আটপাড়া/মদন/কেদুয়া, নেত্রকোণা
- ৪। জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা
- ৫। উপজেলা প্রকৌশলী নেত্রকোণা সদর/কমলাকান্দা/মোহনগঞ্জ/খালিয়াজুড়ী/বারহাটা/পূর্বধলা/দুর্গাপুর/আটপাড়া/মদন/কেদুয়া, নেত্রকোণা
- ৬। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক বাংলার দর্পণ, মোজারপাড়া, নেত্রকোণা/দৈনিক জনমত্রে, মোজারপাড়া, নেত্রকোণা, বিজ্ঞাপনটি আগামী ২৪/০৬/২০২৫ খ্রি. তারিখের মধ্যে ছুটির দিন ব্যতীত তেতরের পাতায় স্বল্প পরিসরে ৩ কলামে ৬ ইঞ্চি লম্বার প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। জনাব/মেসার্স
- ৮। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, নেত্রকোণা
- ৯। অফিস কপি।

সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, নেত্রকোণা